



## পশ্চিমবঙ্গে ভোট-পরবর্তী সহিংসতায় মুসলিম যুবককে কুপিয়ে হত্যা



প্রতীক ছবি

পশ্চিমবঙ্গের বীরভূম জেলার নানুর এলাকায় ভোট-পরবর্তী সহিংসতায় এক তৃণমূল কর্মী নিহত হয়েছেন। ঘটনাকে ঘিরে এলাকায় নতুন করে রাজনৈতিক উত্তেজনা ছড়িয়ে পড়েছে।

মঙ্গলবার (৫ মে) এই হামলার ঘটনা ঘটে বলে স্থানীয় সূত্রে জানা যায়। নিহত ব্যক্তি আবির শেখ স্থানীয়ভাবে তৃণমূলের সক্রিয় কর্মী হিসেবে পরিচিত ছিলেন। অভিযোগ উঠেছে, এই হত্যাকাণ্ডের পেছনে রাজনৈতিক বিরোধ জড়িত।

পরিবারের দাবি, আবির শেখ একা রাস্তা দিয়ে যাওয়ার সময় আগে থেকে ওত পেতে থাকা একদল লোক তাকে ঘিরে ফেলে। এরপর ধারালো অস্ত্র দিয়ে তাকে এলোপাতাড়ি আঘাত করা হয়। গুরুতর আহত অবস্থায় তিনি ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন। পরে স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঘটনার জন্য পরিবারের পক্ষ থেকে বিজেপি-সমর্থিত একটি গোষ্ঠীর দিকে অভিযোগের আঙুল তোলা হয়েছে। তবে এ বিষয়ে এখনো পর্যন্ত দলটির আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

এদিকে ঘটনার পর নানুর এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে টহল জোরদার করা হয়েছে। পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে এবং ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্তে তদন্ত শুরু করেছে।